

# 💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৭১০

১. পবিত্রতা অধ্যায় (کتاب الطهارة) পরিচ্ছেদঃ ২২. সালাতের চাবি হচ্ছে পবিত্রতা

بَابُ مِفْتَاحُ الصَّلَاةِ الطُّهُورُ

### আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ يُوسُفَ عَنْ سُفْيَانَ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ مُحَمَّدِ بْنِ عَقِيلٍ عَنْ مُحَمَّدِ بْنِ اللَّهِ اللَّهِ وَسَلَّمَ مِفْتَاحُ الصَّلَاةِ الطُّهُورُ الْحَنَفِيَّةِ عَنْ عَلِيٍّ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مِفْتَاحُ الصَّلَاةِ الطُّهُورُ وَتَحْرِيمُهَا التَّسْلِيمُ وَتَحْرِيمُهَا التَّسْلِيمُ التَّسْلِيمُ إِسناده حسن

#### বাংলা

৭১০. আলী রাদ্বিয়াল্লাহু আনহু বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: "সালাতের চাবি হচ্ছে পবিত্রতা, আর এর তাকবীর হলো (সালাতের বাইরের সকল কাজ) হারামকারী এবং এর সালাম হলো (সালাতের বাইরের বৈধ কাজ) হালালকারী।[1]

## ফুটনোট

### [1] তাহকীক: এর সনদ হাসান।

তাখরীজ: আমরা এর তাখরীজ পূর্ণ করেছি এবং এর শাহিদ হাদীসসমূহ উল্লেখ করেছি যা একে শক্তিশালী করে, মুসনাদুল মাওসিলী নং ৬১৬ ((আহমাদ ১/১২৩, ১২৯; আবু দাউদ ৬১; তিরমিয়ী ৩; ইবনু মাজাহ ২৭৫; শাফিঈ, আল উম্মু ১/১০০; বাইহাকী ২/১৫; মুসনাদে আবী ইয়ালা ৬১৬; দারুকুতনী পূ: ১৩৮। ...

এর শাহিদ রয়েছে জাবির রা: হতে আহমাদ ৩/৩৪০; তিরমিয়ী ৩। আবু সাঈদ আল খুদরী হতে তির্ঘিমী ২৩৮; ইবনু মাজাহ ২৭৬ যয়ীফ সনদে; হাকিম ১/১৩২ মুসলিমের শর্তানুযায়ী সহীহ বলেছেন তিনি এবং যাহাবী তার সাথে একমত হয়েছেন। আলী রা: হতেও শাহিদ রয়েছে যা হাকিম উল্লেখ করেছেন।- তাহকীক্ব, মুসনাদুল মাওসিলী হা/৬১৬ এর টীকা দ্রস্টব্য)- অনুবাদক)); মাজমাউয যাওয়াইদ ২৬২৬-২৬২৮; আরও দেখুন নাসবুর



রায়াহ ১/৩০৭-৩০৮ এবং উকাইলী, আদ দুয়া'ফাউল কাবীর ২/১৩৭।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আলী ইবনু আবী তালিব (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন